মেহেরপুরে পারিবারিকভাবে কবিগুরুর প্রয়াণ দিবস পালন

মেহেরপুরে পারিবারিক ভাবে কবিগুরুর প্রয়াণ দিবস পালন করা হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় প্রাক্তণ শিক্ষক সুশিল চক্রবর্তির থানাপাড়ার বাড়িতে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক সুশীল চক্রবর্তী, সাবেক প্রধান শিক্ষক হাসেম আলী, শিক্ষক মিনারুল ইসলাম, রবিন্দ্রনাথ ভট্টাচার্য, রমা ব্যানার্জি প্রমুখ।

আলোচনা শেষে শিক্ষক সুশীল চক্রবর্তীর সঞ্চালনায় রবীন্দ্র সংগীত পরিবেশন করেন আরাত্রিকা চক্রবর্তী ও মোঃ মিনারুল ইসলাম। কবিতা পাঠ করেন শিক্ষক মোঃ হাসেম আলী ও রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য।

উল্লেখ্য, ৩৮ বছর ধরে শিক্ষক সুশিল চক্রবর্তী পারিবারিকভাবে রবিন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী ও প্রয়াণ দিবস পালন করে আসছেন।

চুয়াডাঙ্গার জীবননগরে যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার

চুয়াডাঙ্গার জীবননগরে মাসুদ রানা (২০) নামের এক যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার করেছে।

শুক্রবার সকালে উপজেলার বাঁকা ইউনিয়নের বাঁকা মাঠপাড়া গ্রামে ওই যুবকের ঝুলন্ত লাশ তার ঘর থেকে উদ্ধার করা হয়েছে। নিহত যুবক মাসুদ রানা উপজেলার বাঁকা মাঠপাড়া গ্রামের চেয়ারম্যান পাড়ার সৈয়দ হোসেনের ছেলে।

পরিবার সূত্রে জানা গেছে, মানসিক বিকারগ্রস্থের কারণে রাতে নিজ ঘরে সিলিং ফ্যানের সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। এ ঘটনায়

থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

নিহত মাসুদ রানার চাচাতো ভাই মহিদুল ইসলাম জানান, বৃহস্পতিবার রাতে প্রতিদিনের মত পরিবারের লোকজনের সাথে খাওয়া-দাওয়া শেষে নিজ ঘরে শুয়ে পড়ে। কিন্তু শুক্রবার সকাল ৯টার দিকে মাসুদের ঘুম থেকে উঠতে দেরি দেখে পরিবারের লোকজন তাকে ডাকাডাকি করতে থাকে। ঘর তার কোন সাড়া না পাওয়ায় দরজার ফাঁক দিয়ে ভিতরে তাকিয়ে দেখে ঘরের সিলিং ফ্যানের সাথে তার মরদেহ ঝুলছে।

এ অবস্থায় ঘরের দরজা ভেঙে স্থানীয়দের সহয়তায় তার মরদেহ উদ্ধার করা হয়। আত্মহত্যার কারণ জানতে চাইলে সে বলে আমরাও ঠিক কোন কারণ বুঝতে পারছি না। তবে মাসুদ ছোটবেলা থেকেই একটু মানসিক রোগী ছিল। কারণে অকারণেই হুটহাট রেগে যেত, খিটখিটে মেজাজের ছিলো।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম বলেন, গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার ব্যাপারে থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

আলমডাঙ্গায় বন বিভাগের ১৩ হাজার চারা ক্ষতির আশংকা

বঙ্গবন্ধু শেখ মজিবর রহমানের জন্মশত বার্ষিকী “মুজিব বর্ষ” উৎযাপন উপলক্ষ্যে আলমডাঙ্গা উপজেলা বন বিভাগ বৃক্ষরোপণ ও চারা বিতরণের যে কর্মসূচি নিয়েছিলেন সেটা ভারী বর্ষণের কারণে ভেস্তে যেতে বসেছে।

দীর্ঘ কয়েকদিন যাবৎ বৃষ্টির কারণে বন বিভাগের সীমানায় হাটু পানি বেঁধে গেছে। পানি বাঁধার কারণের প্রায় ১৩ হাজার বনজ, ফলজ ও ঔষধী চারা নষ্ট হতে চলেছে। দ্রুত পানি নিষ্কাশন না করলে উৎপাদিত চারা গুলো মারা যাবে বলে ধারন করা হচ্ছে।

উপজেলা বন বিভাগের কর্মকর্তা আব্দুল মান্নান জানান, মুজিব বর্ষ উপলক্ষে বন বিভাগ থেকে ২০ হাজার চারা রোপণ ও বিতরণ করা হবে। এর মধ্যে ৭ হাজার চারা বিতরণ করা হয়েছে ।

পর্যায়ক্রমে আরও ১৩ হাজার চারা রোপণ ও বিতরণ করা হবে। সে দিক মাথায় রেখে চারা উৎপাদনের কাজ করছিলাম। কিন্তু দীর্ঘ কয়েকদিন যাবৎ ভারী বন বিভাগের এলাকায় এক হাটু পানি বেধে গেছে। এখন চারা গুলো পানির উপর ভাসছে।

এমন অবস্থায় থাকলে উৎপাদিত চারা মারা যেতে পারে। দ্রুত পানি নিষ্কাশন করতে পারলে অথবা মাটি দিয়ে ভরাট করলে চারাগুলোকে বিতরণ করা যেত।

আলমডাঙ্গা উপজেলা বন বিভাগের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা শাকিল পারভেজ জানান, বৃষ্টির জন্য চারা বিতরণ রোপণ কাজ বন্ধ আছে। বন বিভাগের ভেতর পানি বাঁদার কারণে চারা উৎপাদন করা সম্ভব হচ্ছে না।

পানি বেঁধে থাকলে বাকি চারা মারা যাবে। তাই উর্দ্ধোতম কর্মকর্তাদের সুদৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ করছি।

আলমডাঙ্গায় পৃথক অভিযানে মদ ও গাঁজাসহ ২ জন আটক

আলমডাঙ্গার আসমানখালী ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২০০ গ্রাম গাঁজাসহ ১ মাদক ব্যবসায়ীকে আটক করেছে। গতকাল শুক্রবার দুপুরে অভিযান পরিচালনা করে সাহেবপুর মোড় থেকে তাকে আটক করে পুলিশ। আটককৃত মাদক ব্যবসায়ী বগাদী গ্রামের মৃত সাহাদাৎ হোসেন ছেলে সাইফুল ইসলাম।

পুলিশ সূত্রে জানা গেছে, বেশ কিছুদিন ধরে সাইফুল মাদক ব্যবসা করে আসছে। প্রতিদিন বিভিন্ন জায়গায় সে মাদক হাত বদল করে। গতকার একটি গোপন তথ্য আসে যে সাইফুল গাঁজার বিক্রি করবে। ওৎ পেতে থাকা পুলিশ তাকে আটক করে। তার দেহ তল্লাশি করে ২০০ গাঁজা উদ্ধার করা হয়। মাদক ব্যবসায়ী সাইফুলের বিরুদ্ধে মাদক মামলা হয়েছে।

এদিকে মুন্সিগঞ্জ ক্যাম্প পুলিশ অভিযান চালিয়ে ৫ লিটার চোলাই মদসহ এক জন আটক করেছে। গতকাল শুক্রবার সন্ধ্যার সময় ক্যাম্পের

আইসি এসআই আছের আলী এএসআই ইলিয়াস সঙ্গীয় র্ফোস নিয়ে পিটিআই মোড়ে অভিযান পরিচালনা করেন।

এ সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার হাসপাতাল পাড়ার মৃত বিশ্বনাথের ছেলে শান্তকে ৫ লিটার চোলাই মদসহ আটক করা হয়। তার বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে বলে জানা গেছে।

আলমডাঙ্গায় ৩ মাদক সেবীর কারাদণ্ড

আলমডাঙ্গায় তিন মাদকসেবীকে বিভিন্ন মেয়াদে জেল দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। দুই জনের ৭ দিন ও এক জনের ১৫ দিনের জেলের আদেশ দেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী।

জানা গেছে, শুক্রবার রাতে আসমানখালী ক্যাম্পের আইসি আব্দুর রহিম মাদক বিরোধী অভিযান চালিয়ে ভোগাই বগাদী থেকে সোনা মোল্লার ছেলে ইউসুফকে আটক করেন।

এদিকে জামাজামী ক্যাম্পের আইসি আব্দুল হাকিম মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ঘোষবিলা গ্রামের নাজিম উদ্দিনের ছেলে রুহুলকে মাদব সেবনের সময় আটক করে। অপরদিকে দুর্লভপুর ক্যাম্পের আইসি অভিযান পরিচালনা করে পোলতাডাঙ্গা গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে রাহুলকে আটক থানা হেফাজতে নেন।

মাদক সেবনের অপরাধে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট লিটন আলী ঘোষাবিলা গ্রামের নাজিম উদ্দিনের ছেলে রুহুল আমিনকে ৭ দিন, পোলতাডাঙ্গা গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে রাহুলকে ১৫ দিন ও ভোগাই বগাদী গ্রামের সোনা মোল্লার ছেলে ইউসুফকে ৭ দিনের কারাদণ্ডাদেশ প্রদান করেন।

আলমডাঙ্গায় করোনা উপসর্গে আরও একজনের মৃত্যু

আলমডাঙ্গায় করোনা উপসর্গ নিয়ে আরও একজনের মৃত্যু হয়েছে। শুক্রবার রাত সাড়ে ৮ টার দিকে তিনি চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা ইউনিটে চিকিৎধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। এ নিয়ে আলমডাঙ্গায় করোনায় পাঁচজন মারা গেলেন।

নিহত আনজের আলী (৬৫) আলমডাঙ্গার কুমারী ইউনিয়নের দূর্গাপুর গ্রামের মৃত মোহাম্মদ আলীর ছেলে। তিনি বেশ কয়েকদিন ধরে জ্বর ও শ্বাসকষ্টে ভুগছিলেন। গত পরশু তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছিল।

আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাক্তার হাদি জিয়া উদ্দিন জানান, মৃত আনজের আলী করোনা উপসর্গ নিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। রাতে তিনি মারা যান। তার নমুনা সংগ্রহ করা হয়েছে।

দূর্গাপুর গ্রামে ইসলামী ফাউন্ডেশনের উদ্যেগে সরকারি নিয়ম মেনে তাকে সমাধিস্থ করা হবে বলে তিনি জানান।

হাটুপানিতে বিদ্যালয়, চরম দুর্ভোগে ৯টি পরিবার

গত ২৫ দিনেরও বেশি সময় ধরে বামন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয় সহ আশেপাশের ৯টি পরিবারের অন্তত অর্ধশতাধিক মানুষ পানি বন্দি হয়ে পড়েছে। বসত বাড়ির আঙ্গিনা ডুবে থাকায় স্বাভাবিক চলাচলেও ঘটছে ব্যাঘাত। বড়দের চেয়ে বেশি বিপাকে পরিবার গুলোর শিশু সদস্যরা।

ইচ্ছা করলেই ঘর থেকে নামতে পারছে না। পানি বন্দি পরিবার গুলোর ভোগান্তি দুর করতে মেহেরপুর জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করা হলে তিনি দ্রুত পানি নিষ্কাসনের ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিলেও বাধ সাধছে বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ।

মেহেরপুর জেলায় বন্যার প্রভাব না থাকলেও অন্যান্য বছরের তুলনায় এবারে স্বাভাবিক বৃষ্টিú◌াতের চেয়ে কয়েক গুন বেশি বৃষ্টিপাত হওয়ায় বিভিন্ন এলাকায় দেখা দিয়েছে জলাবদ্ধতা । গাংনী উপজেলার ৩০ নং সরকারি প্রাথমিক বিদ্যালয়টির চর্তুরদিকে এখন হাটুপানিতে থৈ থৈ করছে। এভাবে বৃষ্টিপাত হতে থাকলে পানি উঠে যাবে স্কুলের মেঝেতে। পানি নিষ্কাশন ব্যবস্থা না থাকায় দীর্ঘায়িত হচ্ছে জলাবদ্ধতা ।

পানিবন্দি পরিবার গুলো মুক্তিচান জলাবদ্ধতা থেকে। সড়কের পাশ দিয়ে পানি নিষ্কাশন ব্যবস্থা না রেখে অপরিকল্পিতভাবে মার্কেট নির্মান করে সামনের জায়গা ভরাট করে রাখায় পানি বের হচ্ছে না। ভুক্তভোগী পরিবার গুলোর পয়নিস্কাশন ব্যবস্থা উন্নত না থাকায় সেগুলো ডুবে গিয়ে ময়লা বের হয়ে মিশে গেছে পানিতে। যার ফলে পানিবাহিত রোগে অনেকের পায়ে ক্ষত সৃষ্টি হচ্ছে।

পানি বন্দি হয়ে পড়া গৃহিণী রোকেয়া বলেন, এতদিন হয়ে গেল আমাদের যে কষ্ট তা কেউ দেখেনি বাধ্য হয়ে এই হাটু পানির মধ্যেই চলাফেরা করতে হচ্ছে।

গত বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলমের নির্দেশে বামন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয়টি সহ আশেপাশের পানি নিষ্কাশনের জন্য গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা ঘটনাস্থল পরির্দশন করে পানি নিষ্কাশনের জন্য ভুক্তভোগীর নির্দেশ প্রদান করেন। সে অনুযায়ী ভুক্তভোগীরা নিজ অর্থায়নে পানি নিষ্কাশন ব্যবস্থা করে। কিন্তুু বাধ সাধে বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ।

এ বিষয়ে তার কাছে জানতে চাইলে তিনি বলেন, স্কুল মার্কেটের সামনে দিয়ে ড্রেন করে পানি বের করলে চরম ক্ষতি হয়ে যাবে। তাহলে কি মানুষ পানি বন্ধি হয়ে থাকবে? এমন প্রশ্ন করা হলে তিনি বলেন পানিতে ডুবলে আমার কিছুই করার নেই আমি মার্কেটের সামনে দিয়ে পানি বের হতে দেব না।

বিষয়টি তাৎক্ষণিক জেলা প্রশাসককে অবহিত করা হলে তিনি বলেন, সকলের সমন্বয়ে জলাবদ্ধতা নিরসন করা হবে।

গাংনীতে মেয়েকে উত্ত্যক্তকারীর বিরুদ্ধে অভিযোগ দেওয়ায় পিতাকে জখম

মেয়েকে উত্যাক্ত করার প্রতিবাদ ও থানায় অভিযোগ দেওয়ার অপরাধে সেলিম হোসেন নামের এক গ্রাম্য ডাক্তার ও তার ভাই মিলে মেয়ের পিতা আব্দুল মান্নানকে হামলা করে রক্তাক্ত জখম করেছে। আহত আব্দুল মান্নান এখন কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে মূমূর্ষ অবস্থায় চিকিৎসাধীন রয়েছেন।
আজ শুক্রবার (৮ জুলাই) রাত ৮টার দিকে ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার রামনগর গ্রামে।
স্থানীয়রা জানান, সাইকেল মিস্ত্রি আব্দুল মান্নানের মেয়ে দুবাই প্রবাসীর স্ত্রীকে মোবাইল ফোনে উত্যেক্ত করে অসছেন একই গ্রামের ফরমান আলীর ছেলে গ্রাম্য ডাক্তার সেলিম হোসেন। ঈদের দিনগত রাতে ওই নারীর কাছে জোর করে যাওয়ার চেষ্টা করে সেলিম হোসেন। এঘটনায় মেয়ের পরিবারের লোকজন তাকে মারধর করে। এনিয়ে সেলিম ডাক্তার ও তার লোকজন মেয়ের পিতা আব্দুল মান্নানকে নানাভাবে হুমকী ধামকী দিয়ে আসছিল। এঘটনায় আব্দুল মান্নান আজ শুক্রবার বিকালে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেছেন। এখবর পাওয়ার পর সেলিম হোসেন তার অপর দুই সঙ্গী একই গ্রামের নজরুল ইসলামের ছেলে সাহাবুল ইসলাম ও আরমান আলীর ছেলে ওয়াসিম হোসনে ধারালো অস্ত্র নিয়ে আব্দুল মান্নানের উপর হামলা চালায়। আব্দুলৈ মান্নানের মাথায় ধারালো অস্ত্র দিয়ে কুপালে তার মাথা দুই ভাগ হয়ে গেছে। পরিবারের লোকজন তাকে প্রথমে গাংনী উপজেলা হাসপাতালে ও পরে তার অবস্থা আশংকাজনক হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রের মেডিকেল অফিসার ডাক্তার এমকে রেজা জানান, তার মাথার মাঝখান থেকে ভাগ হয়ে গেছে। অবস্থা আশংকাজনক হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।
গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, একটি লিখিত অভিযোগ পাওয়ার পর এলাকায় শান্তি শৃংখলা বজায় রাখতে উভয় পরিবারকে শান্ত থাকার

পরামর্শ দেওয়ার পাশাপাশি স্থানীয় পুলিশ ক্যাম্পকে বিষয়টি স্থানীয়ভাবে মিমাংশার নির্দশ দেওয়া হয়েছে।

মেহেরপুরে পৌঁছালেন পররাষ্ট্রমন্ত্রী

সংক্ষিপ্ত সফরে মেহেরপুরে পৌছেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। শুক্রবার রাত সাড়ে আটটার দিকে মেহেরপুর সার্কিট হাউসে এসে পৌছান।

এ সময় পররাষ্ট্রমন্ত্রীকে ফুলেল শুভেচছা জানান জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান ও পুলিশ সুপার এস এম মুরাদ আলী। উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম।

পরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর পক্ষে ফুলেল শুভেচছা জানান, জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, অধ্যাপক হাসানুজ্জামান মালেক ।

শনিবার সকালে তিনি মুজিবনগর পরিদর্শন করবেন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে নতুন করে ১৪ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে আরো ১৪ জন নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন। এদের মধ্যে সদর উপজেলায় ১১জন এবং মুজিবনগর উপজেলায় ৩ জন।

মেহেরপুরের সিভিল সার্জন ডা। নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, নতুন প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ৩২টি। এর মধ্যে ১৪ টি পজিটিভ (সদর-১১, মুজিবনগর -৩), বাকিগুলো নেগেটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ২৬১০টি।

বিভিন্ন ভাবে পাওয়া আক্রান্তদের পরিচয়- মেহেরপুর শহরের তাঁতীপাড়ার শারমিন, ফারহানা, হাসিবুল,ফাতেমা, আহসান, গড়পাড়ার রিমা, ঘোষপাড়ার নজরুল, পৌর ঈদগাহ পাড়ার কলিমউদ্দিন, আবদুল্লাহ। মুজিবনগর হাসপাতালের প্রধান সহকারি হাসান আহমেদ, সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার সাইফুল ইসলাম, মোনাখালী গ্রামের খাদিজা খাতুন।

মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে ৮৭ (সদর-৪৪, গাংনী- ২৯, মুজিবনগর -১৪) জন। মৃত্যু – ৭ জন (সদর-৩, গাংনী- ৩, মুজিবনগর -১), সুস্থ্য= ১৩০ জন(সদর-৬৯, গাংনী -৫০, মুজিবনগর-১১), ট্রান্সফার্ড- ২০জন (সদর-১৩, গাংনী-৭)। আক্রান্তদের পরিচয় জানা মাত্রই আপডেট করা হবে।